১২/৬/২০০১

যুগান্তর

তারিখ ...

পৃষ্ঠা ৭২ কলাম ৩

# পার্বতীপুরে এখনও সব পাঠ্যবই পায়নি ছাত্রছাত্রীরা

**আবদুল কাদির,** *পার্বতীপুর থেকে*

শিক্ষা বছরের ৫ মাস চলছে। অথচ উপজেলার প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীরা এখনও তাদের সব পাঠ্যবই পায়নি। এ অবস্থায় গোটা উপজেলায় প্রাথমিক শিক্ষায় বিঘ্ন ঘটছে। বই না পাওয়া শিক্ষার্থীদের অভিভাবকগণ বইয়ের জন্য বিভিন্ন জায়গায় ধরনা দিচ্ছেন।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এখানে সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে ১০৪টি, রেজিঃ বেসরকারি বিদ্যালয় আছে ৮১টি, কমুনিটি স্কুল আছে ১২টি এবং স্যাটেলাইট স্কুল আছে ২৮টি। অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা ৪৪,৪২১ জন। সরকারি নিয়ম অনুযায়ী প্রতিটি শ্রেণীর জন্য অর্ধেক নতুন বই সরবরাহ করার কথা। জানুয়ারি মাসের ২৭ তারিখে এখানে ১ম কিস্তির বই সরবরাহ করা হয়েছে। দীর্ঘ ৩ মাস পর গত ৫ এপ্রিল দ্বিতীয় কিস্তিতে বই সরবরাহ করা হয়। তার পরও এখন পর্যন্ত যে বইগুলো শিক্ষার্থীরা পায়নি সেগুলো হচ্ছে, ৩য় শ্রেণীর সমাজ-বিজ্ঞান, ইসলাম ধর্ম শিক্ষা, ৪র্থ শ্রেণীর গণিত ও ইংরেজি এবং ৫ম শ্রেণীর সমাজ-বিজ্ঞান, বাংলা ও ইংরেজি বই। এ ব্যাপারে শিক্ষা অফিসের একজন কর্মকর্তা বলেন, কোমলমতি ছাত্রছাত্রীদের হাতে বই সরবরাহ করতে না পারা শুধু দুঃখজনক নয়, মনপীড়ার কারণও বটে। শিক্ষা অফিসে উপস্থিত ছিলেন একজন শিক্ষক বলেছেন, বিষয়টা শুধু ছাত্রছাত্রীদের মেধা বিকাশের অন্তরায় নয়, জাতীয় পর্যায়েও ক্ষতির কারণ।